

কোর্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ১২ জানুয়ারি, ২০১৭

প্রতি: নোটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মী

হতে: পরিচালক

বিষয়: সংস্থার কর্মীদের নতুন বেতন কাঠামোর বাহিরে অতিরিক্ত এবং বিশেষ ভাতাসমূহ বাতিল প্রসঙ্গে।

প্রিয়সহকর্মীবৃন্দ,

আপনারা অবগত আছেন যে, সংস্থার ব্যবস্থাপনা কর্মীদের জীবনযাত্রার ব্যয় বিবেচনা করে বেতন কাঠামো রিভিউ করা হয়েছে যা ১ জানুয়ারি, ২০১৭ থেকে কার্যকর করা হবে। এতে সংস্থার ব্যয় বৃদ্ধি পাবে কিন্তু সংস্থার কার্যক্রমকে আরো গতিশীল করে তুলতে সহায়ক হবে বলে আমরা মনে করি। নতুন বেতন কাঠামোর প্রেক্ষিতে ব্যবস্থাপনা ১ জানুয়ারি, ২০১৭ থেকে বর্তমানে প্রচলিত ভাতাসমূহের ক্ষেত্রে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছে :-

১. যে সকল কর্মীকে চরাচঞ্চলে কর্মরত অবস্থায় চরভাতা সুবিধা প্রদান করা হয় এখন থেকে তা বাতিল করা হলো।
২. যে সকল কর্মী ভোলা ও পটুয়াখালী জেলা থেকে নোয়াখালী, চট্টগ্রাম এবং কক্সবাজার অঞ্চলে কর্মরত অথবা এসব অঞ্চল থেকে ভোলা বা পটুয়াখালী জেলায় কর্মরত থাকার কারণে দূরবর্তী ভাতা প্রদান করা হতো তা বাতিল করা হলো।
৩. যে সকল কর্মীকে চট্টগ্রাম অঞ্চলের সিটি এলাকায় শাখায় কর্মরত অবস্থায় সিটিভাতা প্রদান করা হয় তাও বাতিল করা হলো।
৪. বর্তমান নতুন বেতন কাঠামোর বাহিরে অতিরিক্ত কোন ঘর ভাড়া প্রদান করা হবে না। যে সকল কর্মী পূর্বে বেতন কাঠামোর বাহিরে অতিরিক্ত ঘর ভাড়া অনুমোদন নিয়েছেন তা ১ জানুয়ারি, ২০১৭ তারিখ থেকেও বাতিল করা হলো।
৫. এই সার্কুলারটি ১ জানুয়ারি, ২০১৭ কার্যকরী হবে এবং প্রতিটি অফিসের সকল কর্মীর স্বাক্ষর নিয়ে আগামী ৩০ জানুয়ারি, ২০১৭ পর্যন্ত নোটিশ বোর্ডে ঝুলানো নিশ্চিত করতে হবে।
৬. অত্র সার্কুলারের সাথে কেউ দ্বিমত পোষণ করলে নিম্ন স্বাক্ষরকারী বরাবরে যে কোন মাধ্যমে আগামী ৩০ জানুয়ারি, ২০১৭ তারিখের মধ্যে জানানোর জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদসহ



সনত কুমার ভোঁমিক

অনুলিপি:

নির্বাহী পরিচালক

সকল উপ-পরিচালক ও সহকারী পরিচালক

অফিস কপি